রাজ্যে বন্যা পরিস্থিতির জন্য কেন্দ্রকে দায়ী করলেন সুব্রত

সুজিত দত্ত, বর্ধমান, ১ অক্টোবর ঃ ডিভিসির জল ছাড়াকে কেন্দ্র করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের 'ম্যান মেড ফ্লাড' তত্ত্বকে সমর্থন করলেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নোয়ন দপ্তরের মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়। 'অতিবৃষ্টিতে ডিভিসি জল ছাড়তেই পারে, তবে রাজ্যকে না জানিয়ে, আপদকালীন পরিস্থিতি মোকাবিলার কোনরকম প্রস্তুতির সুযোগ না দিয়েই হঠাৎ জল ছেড়ে দিলে তাকে 'ম্যান মেড' বন্যাই বলা উচিত।' শুক্রবার বর্ধমানের টাউন হলে তাঁত বস্ত্র মেলার এক সরকারি অনুষ্ঠানে এসে দাবী করেন রাজ্যের মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়। এদিন তিনি ডিভিসি কর্তৃপক্ষ ও কেন্দ্রের বিরুদ্ধে তীব্র ক্ষোভ প্রকাশ করেন। মন্ত্রী বলেন, ডিভিসি জল ছাড়ার সময় রাজ্যকে আগে থেকে জানায় না। বিপুল পরিমানে জল ছাড়লে নিম্ন দামোদরের নদীর বাঁধ ভেঙে পড়ে। এতে অনেক জায়গা প্লাবিত হয়ে পরে। এটা কেন্দ্রের 'ম্যান মেড ফ্লাড' বলে তীব্র ক্ষোভ প্রকাশ করেন তিনি। শনিবার বাঁকুড়া সহ কয়েকটি প্লাবিত এলাকা পরিদর্শনে যাবেন বলে জানিয়েছেন পঞ্চায়েত মন্ত্রী। অপরদিকে ওই একই অনুষ্ঠানে যোগ দিতে এসে কেন্দ্র সরকারের বিরুদ্ধে তোপ দাগেন রাজ্যের গ্রন্থাগার ও জনশিক্ষা প্রসার দপ্তরের মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরীও। তিনি জানান, কেন্দ্র সরকারের স্বেচ্ছাচারিতার জন্যেই এই বন্যা হচ্ছে। কেন্দ্র সরকার এটা নিয়ে কোন পরিকল্পনা করে না, ক্ষতিগ্রস্তদের কোন ক্ষতিপূরণও দেয় না। তিন মাস ধরে মানুষ ভুগছে জল যন্ত্রনায়, হুঁশ নেই ডিভিসির, হুঁশ নেই কেন্দ্র সরকারের। তারই মধ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে যতটা পারা যায় বিপদগ্রস্ত মানুষকে উদ্ধার করে, তাদের কিছুটা হলেও ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করা হচ্ছে। ডিভিসি সূত্রে জানা গেছে, ঝাড়খন্ডে এবারে বৃষ্টিপাতের পরিমান প্রায় ৩৫০মি.মি। এই বিপুল পরিমাণ বৃষ্টির জল এসে জমা হয়েছে ঝাড়খন্ডে অবস্থিত ডিভিসির মাইথন ও পাঞ্চেত জলাধারে। এই দুটি জলাধারে জল ধারনের ক্ষমতা থাকলেও তা বিপদ সীমা অতিক্রান্তের মতো পরিস্থিতি তৈরি হলেই জল ছাড়া হয়। এবিষয়ে পশ্চিমবঙ্গ সরকারকে আগেই সূচনা দেওয়া হয় ডিভিসির পক্ষ থেকে। পাশাপাশি জলাধারের নিচের দিকে নিম্ন দামোদর আসানসোল এলাকায় প্রায় ৩০০ মি.মি মতো বৃষ্টিপাত হয়েছে, যা গত দশ বছরের রেকর্ড। এর ফলে এই জলের সাথে ডিভিসি জলাধারের ছাড়া জল একসাথে এসে জমছে দুর্গাপুর ব্যারেজে। প্রতিদিন গড়ে প্রায় সাড়ে ৩ লাখ কিউসেক জল জমছে মাইথন ও পাঞ্চেত জলাধারে। এই বিপুল পরিমানে জল ধারনের ক্ষমতা নেই দুর্গাপুর ব্যারেজের, তাই প্রত্যেক দিন প্রায় দুই লক্ষ কিউসেক বা তার বেশি জল ছাড়া হচ্ছে দুর্গাপুর থেকে। তাতেই নিম্ন দামোদর সহ অজয় নদীর বিস্তীর্ণ এলাকা প্লাবিত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। রাজ্যের নদীগুলির বাঁধ মেরামতি, নদীগুলিতে জমা পলি সরিয়ে দেবার দায়িত্ব রাজ্য সরকারের। এই রকম পরিস্থিতির জন্য কোন ভাবেই ডিভিসি কর্তৃপক্ষ দায়ী নয় বলে দাবী তাদের। উল্লেখ্য, এ রাজ্যে বন্যা নিয়ে কেন্দ্র রাজ্য সংঘাত আজ নতুন নয়। রাজ্যে যতবার বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে, ততবারই কেন্দ্র ও রাজ্য একে অপরের দিকে আঙুল তুলেছে। কিন্তু তাতে দুর্দশা ঘোঁচে নি নদীতীরবর্তী সাধারণ মানুষের।

বন্যা পরিস্থিতিতে নজর সেচমন্ত্রীর

দুরন্ত বার্তা, পাঁশকুড়া, ১ অক্টোবর ঃ প্রবল বর্ষণ ও ডিভিসি জল ছাড়ার কারনে রাজ্যের বিভিন্ন এলাকা প্লাবিত। যার ফলে উদ্বেগ প্রকাশ করলেন সেচমন্ত্রী সৌমেন মহাপাত্র। তিনি বলেন, মাত্রাতিরিক্ত বৃষ্টি হয়েছে। তিনশো থেকে সাড়ে তিনশো মিলিমিটার বৃষ্টি হয়েছে। গতকাল দুর্গাপুর ব্যারেজ ২লক্ষ ৭৫ হাজার কিউসেক জল ছাড়ে, আজকে তা কমিয়ে ১ লক্ষ ৯৪ হাজার জল ছাড়ে। উদ্বেগ বাড়িয়ে বলেন, যে জল ছেড়েছে তার এফেক্ট এখনও পাওয়া যায়নি। খানাকুল, উদয়নারায়ণপুর, আমতা ১ ও ২ এলাকাগুলিতে বন্যার এফেক্ট পড়বে। আমরা আগে বর্ষণের থেকে প্রস্তুতি নিয়েছিলাম। এরপর কতটা জল বাড়ে তার জন্য আগাম প্রস্তুতি নিয়ে রেখেছি। যে হারে জল বাড়ছে রাতারাতি নদীর বাঁধের উচ্চতা এই মুহূর্তে বাড়িয়ে দেওয়া সম্ভব নয়। বাঁধ টপকে জল যাবে। তবে জনগনকে সজাগ করা হচ্ছে। পাশাপাশি ত্রাণ শিবিরও খোলা হয়েছে। দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী, বাঁকুড়া এলাকায় জল ছাড়ার পরিমাণ ছিল ১ লক্ষ ২০ হাজার কিউসেক। আজ তা দাঁড়িয়েছে ৩৪ হাজার কিউসেক। যে কারণে প্লাবিত হওয়ার আশঙ্কা করেছিলাম। তবে জলের গভীরতা কমছে। শিকাটিয়া ব্যারেজ থেকে ৯০ হাজার কিউসেক জল ছাড়ার ফলে অজয় নদ দিয়ে বীরভূমের নানুর এফেক্ট হয়েছে। আজ তা কমে ৮০ হাজার হয়েছে। এখনও পর্যন্ত নানুরে তেমন ভয়ঙ্কর রূপ নেয়নি। কংসাবতী ব্যারেজের জল অনেকটা কমেছে। ঘাটাল, পাঁশকুড়া, ময়না, দুর্গাচটি বিপদসীমার ওপর দিয়ে বইছে। এখনও পর্যন্ত বাঁধগুলি ঠিকঠাক রাখা গিয়েছে। আরামবাগের কয়েকটা ব্রীজ ভেঙে গন্ধেশ্বরী নদীর জলে প্লাবিত করেছে বন্দর এলাকা। খানাকুল ও ঘাটালে জলস্তর আরও বাড়তে পারে। সার্বিকভাবে এখনও পর্যন্ত নদী বাঁধগুলি নিয়ন্ত্রণে রয়েছে। আরও বৃষ্টিপাত হলে বন্যা পরিস্থিতি কোন জায়গায় যাবে তা বলা মুশকিল। বৃষ্টি যদি বন্ধ হয় এবং মুখ্যমন্ত্রী নিজে সতর্ক করেছেন ব্যারেজগুলিকে যাতে নিয়ন্ত্রনে রেখে জল ছাড়া হয়। ঝাড়খণ্ড এলাকায় যদি প্রবল বর্ষণ হয় তবে মারাত্মক আকার ধারন করবে। বন্যা পরিস্থিতি কোনদিকে যাবে তা এখনও বলা মুশকিল। সেচ দপ্তরের সমস্ত আধিকরিকদের ছুটি বাতিল করা হয়েছে। প্রত্যেকে সতর্ক হয়ে কাজে নিয়োজিত আছেন। আরামবাগ, ঘাটালে পর্যাপ্ত পরিমানে শুকনো খাওয়ার ও ত্রিপল পৌঁছে দেওয়া হয়েছে দুর্গত এলাকায়। ইতিমধ্যে সেনাবাহিনী নামানো হয়েছে। শুক্রবার পাঁশকুড়ার বাড়ি থেকেই দফায় দফায় কনফারেন্সের মাধ্যমে সেচ দপ্তরের আধিকারিকদের সাথে বৈঠক করছেন সেচমন্ত্রী সৌমেন মহাপাত্র।

১৭ অক্টোবর দ্বিতীয় পর্যায়ে দুয়ারে রেশন

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ১ অক্টোবর ঃ ঝাড়গ্রাম জেলায় দ্বিতীয় পর্যায়ের দুয়ারে রেশন দেওয়া হবে পুজার পরে। ১৭ অক্টোবর থেকে দ্বিতীয় পর্যায়ে দুয়ারে রেশন দেওয়া হবে। জেলার খাদ্য দফতর সূত্রে জানা গিয়েছে এবার আগের থেকে আরও বেশি সংখ্যক রেশন ডিলারদের যুক্ত করা হচ্ছে দ্বিতীয় পর্যায়ের দুয়ারে রেশন পরিষেবায়। ১৫ সেপ্টেম্বর প্রথম পর্যায়ের দুয়ারে রেশন পরিষেবায় ঝাড়গ্রাম জেলার ৫৪ জন রেশন ডিলারকে যুক্ত করা হয়েছিল। জানা গিয়েছে তা ছিল ১৫ শতাংশ। এবার ৫০ শতাংশের বেশি ডিলারকে দুয়ারে রেশন পরিষেবার সাথে যুক্ত করা হচ্ছে। প্রথম পর্যায়ে জেলার আটটি ব্লক এবং একটি পুরসভার জন্য ছয় জন করে রেশন ডিলার ছিলেন। প্রতি ডিলার ১৬টি এলাকা ভাগ করে রেশন সামগ্রী দিয়েছিলেন। এবার সেই জায়গায় ১৮২ জন ডিলার জেলায় দুয়ারে রেশন পরিষেবায় যুক্ত হবে। ২০ জন করে ডিলার প্রতিটি ব্লক এবং একটি পুরসভার জন্য দায়িত্বে থাকবেন। এছাড়াও বাড়তি আরও দু'জন ডিলারকে যুক্ত করা হয়েছে। এক এক জন ডিলার ১৬ ক্লাসটারে নিজের এলাকার ভাগ করে রেশন দেবেন। জেলা খাদ্য দফতর সূত্রে জানা গিয়েছে, করোসিন ছাড়া রেশনে অন্যান্য খাদ্য দ্রব্য বাড়িতে দেওয়া হবে। প্রথমবারের মতোই এবারও একেই ভাবে রেশন সামগ্রী বাড়ি বাড়ি পৌছানোর ব্যবস্থা করা হবে। ঝাড়গ্রাম জেলায় রেশনের গ্রাহক রয়েছেন ৪ লক্ষ ৮১ হাজার বলে জানা গিয়েছে খাদ্য দফতর সূত্রে। প্রথম বার পনেরো সেপ্টম্বর ঝাড়গ্রাম জেলার আমলাশোলে প্রাকৃতিক দুর্যোগের মধ্যে দুয়ারে রেশন পরিষেবার সূচনার দিনে এসেছিলেন রাজ্য খাদ্য দফতরের রাষ্ট্রমন্ত্রী জ্যোৎস্না মান্ডি। প্রথমবারের পর এবং দ্বিতীয় পর্যায়ে আরো ৫০শতাংশের বেশি ডিলারদের যুক্ত করা হচ্ছে দুয়ারে রেশন পরিষেবায়। এতে এই পরিষেবা আরো মসৃণ হবে বলে মনে করা হচ্ছে। এই বিষয়ে ঝাড়গ্রাম জেলা খাদ্য নিয়ামক মিঠুন দাস বলেন, এবার দ্বিতীয় দুয়ারে রেশন পরিষেবা ১৮২ জন রেশন ডিলার যুক্ত থাকবেন। আমরা ধাপে ধাপে সংখ্যাটা বাড়ানো হচ্ছে। ইতিমধ্যে এই বিষয়টি নিয়ে ব্লক স্তরে বিষয়টি নিয়ে বৈঠক হচ্ছে প্রশাসনিক আধিকারিরদের মধ্যে। যে সব জায়গাতে রাস্তা খারাপ রয়েছে সেখানে যাতে রেশনের গাড়ি পৌছাতে পারে তার জন্য রাস্তা সরাই করা হবে বলে জানা গিয়েছে প্রশাসন সূত্রে।

পশ্চিম মেদিনীপুরে বাড়ছে ডেঙ্গি আতঙ্ক

দুরন্ত বার্তা, মেদিনীপুর,১ অক্টোবর ঃ একেই করোনা আতঙ্কে নাস্তানাবুদ মানুষ। তারই উপর আবার দোসর ডেঙ্গু। প্রতিনিয়ত আতঙ্ক বাড়াচ্ছে ডেঙ্গু। পশ্চিম মেদিনীপুরে এবার জলমগ্ন অবস্থা কাটতে না কাটতেই ডেঙ্গি আতঙ্কে চিন্তায় সকলে। গত বছর মার্চ মাস থেকে জাঁকিয়ে বসেছে অদৃশ্য ভাইরাস করোনা। একটা গোটা বছর পেরিয়ে গেলেও পরিবর্তন হয়নি পরিস্থিতির। এরই মাঝে পশ্চিম মেদিনীপুরে এবার জলমগ্ন অবস্থা কাটতে না কাটতেই ডেঙ্গি আতঙ্ক। জানা গিয়েছে, পশ্চিম মেদিনীপুর জেলার বেলদা থানার চেঙুটিয়া গ্রামে ১১ জন ডেঙ্গিতে আক্রান্ত। স্বাস্থ্য দফতর সূত্রে খবর, এর মধ্যে কয়েকজন চিকিৎসাধীন আছেন যথাক্রমে খড়্গপুর মহকুমা হাসপাতাল এবং মেদিনীপুর মেডিক্যাল কলেজে। স্বাস্থ্য দফতরের পক্ষ থেকে সতর্কতামূলক সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে বলে খবর।

পুজো পর্যন্ত স্থগিত তৃণমূলে যোগদান

সজল দাশগুপ্ত, শিলিগুড়ি, ১ অক্টোবর ঃ দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে শুক্রবার জেলা কার্যালয়ে সাংবাদিক বৈঠক করেন জেলা সভানেত্রী পাপিয়া ঘোষ। একের পর এক যেভাবে বিভিন্ন দল থেকে যেভাবে তৃণমূলে যোগদান করানো হচ্ছে, সেই যোগদান কর্মসূচি পুজো পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে দলের পক্ষ থেকে। তিনি বলেন, প্রায় ১০ হাজার আবেদন এখনও পর্যন্ত আমাদের কাছে পড়ে রয়েছে। যেগুলো আমরা উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠিয়েছি। সেখান থেকে যেভাবে নির্দেশ আসবে সেই ভাবেই আমরা যোগদান কর্মসূচী করবো। কিন্তু পুজো পর্যন্ত বিভিন্ন দল থেকে তৃণমূলে যোগদান বন্ধ রাখার মূল কারণ আমরা বুঝে নিতে চাই, যাতে যারা দলে আসতে চাইছেন তাদের সাথে স্থানীয় তৃণমূল কর্মীদের কোনো রকম কাজ করতে সমস্যা পরবর্তীতে যাতে না হয়।

বন্যা নিয়েও বিজেপিকে কটাক্ষ অনুব্রতর

দুরন্ত বার্তা, বোলপুর, ১ অক্টোবর ঃ বন্যা প্লাবিত এলাকায় ঘুরে, দুর্গতদের ত্রাণের ব্যবস্থা করে অনুব্রত বিজেপিকে এক হাত নিলেন। তিনি বলেন, বিজেপি সরকার থাকলে চিন্তা ছিল। এটা মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার, চিন্তার কোন কারণ নেই। প্রত্যেক মানুষের পাশে দাঁড়াবে রাজ্য সরকার। বৃহস্পতিবার রাত থেকে জেলা ও পার্শ্ববর্তী জেলার বিভিন্ন এলাকা জলমগ্ন। অজয় নদীর বাঁধ ভেঙে প্লাবিত নানুর বিধানসভার বড় অংশ। অন্যদিকে, পূর্ব বর্ধমানের আউশগ্রাম, কেতুগ্রাম ও মঙ্গলকোটও জলমগ্ন। এসব বন্যা বিধ্বস্ত এলাকাতে নিজের উদ্যোগেই ত্রাণ পাঠালেন বীরভূম জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি অনুব্রত মন্ডল। শুক্রবার দুপুরে বোলপুরের নিজের বাড়ির সামনে থেকে নানুর, আউশগ্রাম, কেতুগ্রাম ও মঙ্গলকোটের জন্য প্রাথমিকভাবে ত্রাণ পাঠালেন তিনি। গাড়ি ভর্তি করে ত্রিপল, চিড়ে, শাড়ি আপাতত পাঠানো হয়েছে। প্রয়োজনে আরও ত্রাণ যাবে বলেই দলীয় সূত্রে জানানো হয়েছে। শুক্রবার বিকেলে অনুব্রত মণ্ডল নিজেই বন্যা উপদ্রুত জায়গা ঘুরে দেখেন এবং সেই মতো প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। তিনি সাংবাদিকদের বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং সরকারে তৃণমূল কংগ্রেস। তাই কোন মানুষের কোনো বিপদ হবে না।

হস্তশিল্প মেলার আয়োজন মালদায়

দুরন্ত বার্তা, মালদা, ১ অক্টোবর ঃ হস্তশিল্পীদের উৎসাহ বাড়াতে শারদীয়া উৎসব উপলক্ষে জেলা শিল্প কেন্দ্রের সহযোগিতায় হস্তশিল্প মেলার আয়োজন। কোভিড পরিস্থিতিতে দীর্ঘদিন পর জেলা শিল্প কেন্দ্রের সভাকক্ষে হস্তশিল্প মেলার আয়োজন করা হয়। তিন দিনব্যাপী চলবে হস্তশিল্প মেলা। নিজেদের তৈরি করা হাতের কাজ নিয়ে এই মেলায় অংশগ্রহণ করেন ৪৫ জন শিল্পী। প্রতিদিন দুপুর ১২টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত হস্তশিল্প মেলার প্রদর্শনী এবং বিক্রি হবে বলে জানা গিয়েছে। শুক্রবার দুপুরে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে তিনদিনব্যাপী হস্তশিল্প মেলার উদ্বোধন করা হয়। উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলাশাসক শম্পা হাজরা, মালদা জেলা শিল্প কেন্দ্রর মহা প্রবন্ধক মানবেন্দ্র মন্ডল, মালদা ইন্ডাস্ট্রিয়াল চেম্বার অব কমার্সের সম্পাদক সুভাষ হালদার, যুগ্ম সম্পাদক শৈলেশ বিশ্বাস সহ অন্যান্য আধিকারিক ও জেলার বিভিন্ন প্রান্ত থেকে আসা শিল্পীরা। হাতের তৈরি ব্যাগ, চুড়িদার, সুতোর কাজ করা শাড়ি, জুতো, ঘর সাজানোর হাতের তৈরি বিভিন্ন ধরনের সরঞ্জাম নিয়ে উপস্থিত হন শিল্পীরা। শিল্পীদের উৎসাহ বাড়াতে দূর্গা পূজার আগে জেলা শিল্প কেন্দ্রের সহযোগিতায় হস্তশিল্প মেলার আয়োজন করা হয়। শিল্পীদের আশা দুর্গাপূজার আগে এই হস্তশিল্প মেলায় তাদের হাতের তৈরি কাজ বিক্রি হবে এবং তার থেকে উপার্জন করতে পারবেন তারা। কোভিড পরিস্থিতিতে সরকারি উদ্যোগে হস্তশিল্প মেলার আয়োজন করায় খুশি তারা। জেলা শিল্প কেন্দ্রের আধিকারিকরা জানিয়েছেন শুক্রবার থেকে রবিবার পর্যন্ত চলবে এই মেলা।

দেওয়াল লিখন শুরু করলেন সাংসদ

দুরন্ত বার্তা, শান্তিপুর, ১ অক্টোবর ঃ আগামী ৩০অক্টোবর শান্তিপুর বিধানসভার উপনির্বাচন। উপ নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হতেই ময়দানে তৃণমূল-বিজেপি। দেওয়াল লিখনে টেক্কা দিচ্ছে একে অপরকে। উপ নির্বাচনের ঘোষণার দিনই শান্তিপুর শহর তৃণমূল কংগ্রেসের কার্যালয় থেকে কর্মী মিটিং সেরে দেওয়াল লিখনে ব্যস্ত ছিলেন নদীয়া দক্ষিণের তৃণমূল সভাপতি রত্না ঘোষ কর। এবার বিজেপি সাংসদ জগন্নাথ সরকার নিজেই বিজেপির দেওয়াল লিখনে ব্যস্ত হলেন। শুক্রবার সকাল থেকেই শান্তিপুরে বিভিন্ন এলাকায় বিজেপির পক্ষ থেকে দেওয়াল লিখন কর্মসূচি শুরু হয়। যেখানে লক্ষ্য করা যায়, রানাঘাট লোকসভা কেন্দ্রের বিজেপি সাংসদ জগন্নাথ সরকার নিজের হাতে তুলি নিয়ে দেওয়াল লিখছেন। দেওয়াল লিখনের মধ্য দিয়ে বিজেপি সংসদের দাবি, গতবার বিধানসভা ভোটে তৃণমূলের হয়ে তার প্রতিপক্ষ ছিলেন অজয় দে। অনেক আগে থেকেই প্রচার শুরু করলেও শান্তিপুরবাসী তাকে বিপুল ভোট দিয়ে জয়যুক্ত করেছিলেন। উপনির্বাচনের ক্ষেত্রে একই আশাবাদী জগন্নাথ সরকার। এদিন তিনি দাবি করেন তৃণমূল যতই আগে থাকতে দলীয় কর্মসূচি পালন করুক না কেন শান্তিপুর বিধানসভার উপনির্বাচনের বিজেপির জয় ১০০ শতাংশ নিশ্চিত। কারণ শান্তিপুরবাসী বিজেপিকে সমর্থন করে। তবে শান্তিপুরের বিধানসভা উপনির্বাচনে অন্যান্য বিরোধী শক্তিকে ময়দানে নামতে না দেখা গেলেও তৃণমূল ও বিজেপির পরস্পরকে টেক্কা দেওয়ার পালা শুরু হয়ে গেছে ইতিমধ্যে।

জীবনের ঝুঁকি নিয়ে পারাপার

সুব্রত বাউরি, জামুড়িয়া, ১ অক্টোবর ঃ ঝুঁকির পারাপার। দু'দিন ধরে বন্ধ করোনার টিকাদানও। জীবনের ঝুঁকি নিয়ে মহিলারা কোলে শিশু নিয়ে পাইপের উপর দিয়ে রাস্তার একপ্রান্ত থেকে অন্য প্রান্তে যাচ্ছেন। ঘটনাটি জামুড়িয়া থানার অন্তর্গত হিজলগড়া গ্রাম পঞ্চায়েতের বীরকুল্টি গ্রাম এলাকায়। গত দু'দিন ভারী বৃষ্টির ফলে বৃহস্পতিবার এই সেতুটি ভেঙ্গে যায়। ফলে বীরকুল্টি, জয়নগর সহ বেশ কিছু গ্রাম বিচ্ছিন্ন হয়ে পড়ে জামুড়িয়ার মূল ভুখন্ডের সঙ্গে। স্থানীয়রা জানান, এই রাস্তার উপর নির্ভরশীল কয়েক হাজার বেসরকারি কারখানার শ্রমিক। রাস্তা ভেঙে যাওয়ার ফলে গত দু'দিন ধরে তারা কাজে যেতে পারছেন না। তাছাড়াও স্বাস্থ্য কেন্দ্র যাওয়ার জন্য তাদের বর্তমানে ১০ কিলোমিটার রাস্তা ঘুরে যেতে হচ্ছে। ফলে সমস্যায় পড়তে হচ্ছে বয়স্ক ও প্রসূতি মহিলাদের। গ্রামে ভ্যাকসিনের ব্যবস্থা সরকারের থেকে করলেও রাস্তা ভেঙে যাওয়ার ফলে তারাও আসতে পারছেন না। ফলে ভ্যাকসিন দেওয়ার কাজও বন্ধ হয়ে রয়েছে। স্থানীয়রা জানান প্রতিদিন বীরভুম, ঝাড়খন্ড থেকে কয়েক হাজার মানুষ এই রাস্তার উপর দিয়েই জামুড়িয়া, রানীগঞ্জ, আসানসোল, দুর্গাপুর যাওয়া-আসা করেন। তারাও ব্যাপক সমস্যায় পড়েছেন। এদিকে এক নাগাড়ে বৃষ্টিতে ডুবে গিয়েছিল উত্তর আসানসোলের কাল্লা এলাকার সেতু। শুক্রবার সকালে জল নামতেই দেখা যায় সেতুর নীচের ভাগের অংশের রাস্তা সম্পূর্ণ বসে গিয়েছে। সেতুর নির্মাণেও বেশ ক্ষতি হয়েছে। নির্মাণের মাত্র ৬ মাসেই কেন এমন ঘটনা ঘটল তা নিয়ে প্রশ্ন এলাকাবাসীর।

পূর্ব রেলওয়ে

সংক্ষিপ্ত টেন্ডার নোটিস নং. ০৪এইচডব্লুএইচকনা॥ অফ ২০২১-২২ (টেন্ডার নং ০৪এইচডব্লুএইচকনা॥ অফ ২০২১-২২)। ডেপুটি চিফ ইঞ্জিনিয়ার/কন/॥/এইচডব্লুএইচ, ৩৭১ নং নিউ রেলওয়ে অফিস, তেলকলঘাট, হাওড়া-৭১১১০১ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য পর্যাপ্ত অভিজ্ঞতা, আর্থিক ক্ষমতাসম্পন্ন এবং যথাযথ পুঁজি সম্পন্ন ও অভিজ্ঞ নামী ঠিকাদারদের থেকে ই-টেন্ডারিং পদ্ধতিতে ওপেন টেন্ডার নোটিস আহ্বান করা হচ্ছেঃ **কাজের নাম ঃ** পূর্ব রেলওয়ের হাওড়া ডিভিশনে বোইঞ্চি এবং শক্তিগড়-এর মধ্যে ৩য় লাইনের পরিপ্রেক্ষিতে রসুলপুর এবং শক্তিগড়ের মধ্যে প্রধান ব্রিজ নং ১৮৮এ (১১ X ১৮.৩ মি. ক্লিয়ার স্প্যান) এর জন্য সাবস্ট্রাকচার নির্মাণ, গার্ডারের প্রতিস্থাপনের সাথে সিটু পাইলস-এ আরসিসি বোর্ড কাস্ট, সেই একই ব্রিজের অ্যাপ্রোচে ভরাট করা, কাটা এবং ব্ল্যাঙ্কেটিং-এ মাটির কাজ এবং অন্যান্য আণুষঙ্গিক কাজ। **টেন্ডার মূল্য ঃ ₹ ১৮,৬৬,৫৯,৩০২.২৮। খোলার তারিখ** ঃ ২৫.১০.২০২১ দুপুর ১২টা ৩০ মিনিট। টেন্ডার নোটিস, নথিপত্র এবং সময়ে সময়ে প্রকাশিত সংশোধনীর সহিত প্রয়োজনীয় যোগ্যতার মানদণ্ডের বিবরণ ওয়েবসাইট **www.ireps. gov.in**-এ পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপ্রস্তাব দাখিল করতে হবে। এই টেন্ডারের প্রেক্ষিতে হাতেহাতে দরপ্রস্তাব দাখিল অনুমোদিত নয় এবং এরূপ কোনো হাতেহাতে দাখিল করা দরপ্রস্তাব গৃহীত হলেও গ্রাহ্য হবে না এবং সরাসরি বাতিল বলে করা হবে।
CON-36/2021-22

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways. gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

Notice Inviting Quotation of 2021-22 of EE, DPMU Birbhum, WBADMIP, Barabagan, Suri

Sealed Quotation are invited for NSP-27 by the Executive Engineer, DPMU, Birbhum, WBADMIP for the "Renovation of Executive Engineer's Chamber & supply office furniture at DPMU Birbhum, under WBADMIP. Last date of receiving quotation is **08.10.21 at 14.00 Hours** and will be opened on **08.10.21 at 16.00 Hours.** Details are available from the office of the undersigned.

Sd/- Executive Engineer
DPMU, Birbhum
WBADMIP

Rameswarpur Gopalnagar Gram Panchayet Chandpur, Pandua, Hooghly

Sealed Tender Notice is hereby invited by the Prodhan, Rameswarpur-Gopalnagar Gram Panchayet for the following **NIT No. 443/RGGP/2021-22 Date : 29.09.2021.** Details information will be available at the office of the undersigned.

Sd/- Prodhan
Rameswarpur-Gopalnagar Gram Panchayet

Name Change

I, SUKHWINDER KAUR(old name) W/O Jasbir Singh Deosi resident of 85, Prince Anwar Shah Road, Flat-15A, City High Building Kolkata-700 033 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) SUKHVINDER KAUR DEOSI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/10/2021. SUKHWINDER KAUR and SUKHVINDER KAUR DEOSI both are same and one identical person.

Name Change

I, Sophia Usmani D/O.Late Nazir Ahmed Usmani,Residing at Usmani Building,Dr. Zakir Hussain Busty, PO-Darjeeling, P.S-Sadar,Darjeeling -734101. My Daughter Rida Sophia Imran(old Name) shall henceforth be known as Rida Usmani(New Name) vide affidavit sworn before Notary Public at Kolkata. Dated: 29.09.2021, That Rida Sophia Imran and Rida Usmani are the same & one identical person.

সুমাইয়া কর্পোরেশান লিমিটেড

Key2Elements

(পূর্বে পরিচিত রঙ্গোলি ট্রেডকম লিমিটেড)
CIN : U51909WB2009PLC137310
রেজি. অফিস ঃ ১৯বি, বি বি গাঙ্গুলি স্ট্রিট, ২য় ফ্লোর, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০১২।
কর্পোরেট অফিস ঃ গালা নং. ৫এফ/ডি, মালাড ইন্ডাস্ট্রিয়াল ইউনিটস, কুপ সক লি. কাঁচপাড়া, রামচন্দ্র লেন এক্সটেনশান, মালাড (প.) মুম্বই-৪০০০৬৪।
টেলি নং. ০২২-৪৯৭১২০৯৬। **Website :** www.key2elements.com

পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ১১০ এবং অন্যান্য প্রযোজ্য বন্দোবস্ত কোম্পানি আইন, ২০১৩, সঙ্গে পড়তে হবে ধারা ২২ কোম্পানি আইন (প্রশাসনিক এবং পরিচালন) ধারা, ২০১৪, (সঙ্গে যে কোন বিধিসম্মত সংস্কার বা সংযুক্তি যদি থাকে), এবং ভিত্তি হিসাবে সাধারণ সার্কুলার নং. ১৪/২০২০ তারিখ ০৮ এপ্রিল, ২০২০ এবং সাধারণ সার্কুলার নং. ১৭/২০২০ তারিখ ১৩ এপ্রিল, ২০২০ এবং সাধারণ সার্কুলার নং. ২২/২০২০ তারিখ ১৫ জুন,২০২০ এবং সাধারণ সার্কুলার নং. ৩৩/২০২০ তারিখ ২৮ সেপ্টেম্বর,২০২০, সাধারণ সার্কুলার নং. ৩৯/২০২০ তারিখ ৩১ ডিসেম্বর, ২০২০ এবং সাধারণ সার্কুলার নং. ১০/২০২১ তারিখ ২৩ জুন, ২০২১ জারি করেছে বানিজ্য বিষয়ক মন্ত্রক (এমসিএ সার্কুলার), ধারা ৪৪ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ (তালিকাভুক্ত ধারাস সংশোধনী) এবং আরও প্রযোজ্য আইন এবং ধারা, পোস্টাল ব্যালট নোটিস সুমাইয়া কর্পোরেশান লিমিটেড (পূর্বে পরিচিত রঙ্গোলি ট্রেডকম লিমিটেড) (কোম্পানি) সদস্যদের অনুমোদন পাওয়ার জন্য ইলেকট্রনিক মোডে ভোটদানের মাধ্যমে (ই-ভোটিং/রিমোট ই-ভোটিং) পাঠানো হয়েছে ই-মেলে সদস্য/বেনিফিসিয়াল ওনার্সদের কাট-অফ তারিখে **শুক্রবার, ২৪ সেপ্টেম্বর, ২০২১** (কাট-অফ তারিখ) শেয়ার হোল্ডারদের অনুমোদন পেতে নিম্নলিখিত বিষয়ে ঃ

ক্র.নং.	বিষয়ের বিবরণী
১.	কোম্পানির স্বীকৃত শেয়ার মূলধন বৃদ্ধি এবং ফলস্বরূপ সংশোধনী মেমোরাণ্ডাম অফ অ্যাসোসিয়েশানে (এমওএ) কোম্পানির।
২.	শেয়ার বোনাস লাগু করা।

অনুসারী হিসাবে প্রয়োজনীয় এমসিএ সার্কুলার, পোস্টাল ব্যালট নোটিসের হার্ডকপি সঙ্গে বিস্তৃত বিবরণী এবং পোস্টাল ব্যালট ফর্ম এবং প্রি-পেড বানিজ্যিক রিপ্লাই খাম পাঠানো হবে না শেয়ার হোল্ডারদের এই পোস্টাল ব্যালটের ক্ষেত্রে এবং শেয়ার হোল্ডারদের সম্মতি বা অসম্মতি গ্রহণ করা হবে কেবলমাত্র রিমোট ই-ভোটিং ব্যবস্থায়।

যে সকল সদস্যর ইমেল ঠিকানা রেজিস্টার নেই, তাদের অনুরোধ রেজিস্টার করাতে বৈধ ইমেল ঠিকানা কোম্পানির কাছে নিম্নলিখিত ঠিকানায়- Scl.cs@suumaya.com এবং investor@bigshareonline.com যোগাযোগে করে সঙ্গে তাদের নাম, ধার্য্য শেয়ার সংখ্যা, ডিপিআইডি/ক্লায়েন্ট আইডি এবং ইমেল ঠিকানা।

ভোটাধিকার বিবেচিত হবে প্রদেয় মূল্য ইক্যুইটি শেয়ারের যা রেজিস্টার রয়েছে সদস্যর নামে কাট-অফ তারিখে **শুক্রবার, ২৪ সেপ্টেম্বর,২০২১** তারিখে। কোন ব্যক্তি সদস্য নন কাট-অফ তারিখে তাকে পাঠানো পোস্টাল ব্যালট নোটিস শুধুমাত্র তথ্যের জন্য।

কোম্পানি নিয়োগ করেছে সেন্ট্রাল ডিপোসিটারি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) পরিষেবা ই-ভোটিং সুবিধা প্রদানে নিজেদের সদস্যদের। সদস্যরা কেবলমাত্র একটি পদ্ধতি বেছে নিতে পারেন ভোটের ই-ভোটিং। ভোটের বিস্তারিত পদ্ধতি পোস্টাল ব্যালট নোটিসে দেওয়া রয়েছে।

সদস্যদের অনুরোধ নজর রাখতে ই-ভোটিংয়ে, যা শুরু হবে **সোমবার, ৪ অক্টোবর,২০২১** সকাল ০৯.০০ ঘটিকায় (আইএসটি) এবং শেষ হবে **মঙ্গলবার, ২ নভেম্বর, ২০২১** বিকাল ৫.০০ ঘটিকায় (আইএসটি)।

এই মেয়াদে কোম্পানি সদস্যরা যারা ইকুইটি শেয়ার ধরে রেখেছেন কাট-অফ তারিখে শুক্রবার ২৪ সেপ্টেম্বর,২০২১ তারাই ভোট দিতে পারবেন বৈদ্যুতিনভাবে। সদস্যদের অনুরোধ দেখে নিতে রেজোলিউশন সঙ্গে বিস্তৃত বিবরণী এবং যত্নসহকারে পড়তে নির্দেশাবলী এবং ভোট প্রদান করতে ই-ভোটিং সুবিধায় **মঙ্গলবার, ২ নভেম্বর, ২০২১** বিকাল ৫.০০ ঘটিকা (আইএসটি) পূর্বে। ভোটপর্বের পর ই-ভোটিং মডিউল বন্ধ করবে সিডিএসএল।

কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর নিয়োগ করেছে মেসার্স রিঙ্কেশ গালা অ্যান্ড অ্যাসোসিয়েটস (সদস্যপদ নং. এসিএস ৪২৪৮৬, সিওপি ২০১২৮) অনুশীলনরত কোম্পানি সচিব, পরীক্ষক হিসাবে পোস্টাল ব্যালট পরিচালনায় রিমোট ই-ভোটিং পদ্ধতি স্বচ্ছ এবং নিরপেক্ষতার বিচারে।

পোস্টাল ব্যালট নোটিস ডাউনলোড করা যাবে কোম্পানির ওয়েবসাইট থেকে-www.key2elements.com। পোস্টাল ব্যালটে ভোটদানের ফলাফল (পরীক্ষকদের রিপোর্ট) ঘোষনা করবেন চেয়ারম্যান বা অন্যান্য ডিরেক্টর বা অন্য কোন স্বীকৃত আধিকারিক চেয়ারম্যানের তরফে **মঙ্গলবার, ৪ নভেম্বর,২০২১** তারিখের পূর্বে কোম্পানির কর্পোরেট অফিসে যা অবস্থিত মুম্বই, মহারাষ্ট্রে এবং প্রদর্শিত হবে কোম্পানির ওয়েবসাইটে (www.key2elements.com), এছাড়াও প্রদান করা হবে স্টক এক্সচেঞ্জে।

যদি কোন কারণে কোন পরিবর্তন করা হয় আপনার রেজিস্টার ইমেল ঠিকানায়, দয়াকরে আপডেট করান নিজের ডিপোসিটারিতে। যদি কোন প্রশ্ন বা সহায়তা প্রয়োজন হয়ে পোস্টাল ব্যালট বা ই-ভোটিং সংক্রান্ত, সদস্যরা যোগাযোগ করুন শ্রী মেহবুব লাখানি, সহকারী ম্যানেজার, সেন্ট্রাল ডিপোসিটারি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) যোগাযোগ নং. ০২২-২৩০৫৮৬৪১ বা ই-মেল ঃ helpdesk.evoting@cdslindia.com।

বোর্ড অফ ডিরেক্টরদের পক্ষে
সুমাইয়া কর্পোরেশান লিমিটেড
(পূর্বে পরিচিত রঙ্গোলি ট্রেডকম লিমিটেড)
স্বা/- উশিক গালা
চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর
(DIN : 06995765)

স্থান ঃ মুম্বই
তারিখ ঃ ০১ অক্টোবর, ২০২১

SPANGLE MARKETING LIMITED

Registered Office: P-103, Princep Street, 3rd Floor, Room No.24 Kolkata-700072, Phone: 033-2237 0373 / 5021
CIN: L51311WB1984PLC050209
Email:parida.1995@rediffmail.com
Website:www.spanglemarketing.in

Results of E-voting & Poll

We are pleased to publish below the results of E-voting & Poll on the resolutions moved for approval in the Annual General Meeting of the Company held on 30th September, 2021 at 3:30 P.M. at the Registered office of the Company at P-103, Princep Street, 3rd Floor, Room No. 24, Kolkata-700072.

SL. No	Items	Total no. of Votes cast	Votes in Favour	Votes Against
1.	To receive, consider and adopt the Audited Financial Statements of the Company for the financial year ended March 31st,2021along with the Auditors Report and Report of the Board of Directors thereon.	2024515	2024515	NIL
2.	To appoint a Director in place of Mr. Sushanta Kumar Parida (DIN:00062443), who retires by rotation and being eligible, offer himself for re-appointment	2024515	2024515	NIL
3.	To appoint Smt. Supriya Parida (DIN:06445062) as a Non-Executive Women Director of the Company.	2024515	2024515	NIL

All the resolutions were passed with requisite majority.

For Spangle Marketing Limited
Sd/-
Satyananda Nayak
Company Secretary
Membership No:ACS21997

Place : Kolkata
Date : 01.10.2021

বাড়ির সামনে জমা জলে নেমে মৃত্যু হল শিশুর

বন্যা প্লাবিত ঘাটালে ভেঙে পড়ল দোতলা বাড়ি



দুরন্ত বার্তা, ঘাটাল, ১ অক্টোবর ঃ নিম্নচাপের চোখ রাঙানি আর নাগাড়ে বৃষ্টিতে বন্যাবিধ্বস্ত ঘাটাল। জলভাসি একাধিক এলাকা। বেড়েছে নদীর জলস্তর। ডুবে গেছে রাস্তাঘাট। জলযন্ত্রণার ছবি মর্মান্তিক হয়ে দেখা দিয়েছে নানা এলাকায়। বন্যার জলের তোড়ে হুড়মুড়িয়ে ভেঙে পড়েছে দোতলা বাড়ি। ৬ নম্বর ওয়ার্ডের কাছে জলে ডুবে মৃত্যু হয়েছে বছর ছয়েকের এক শিশুর। শুক্রবার বেলার দিকে ঘাটালের মনসুকা চড়কতলা এলাকায় বন্যার জলের তোড়ে নদী গর্ভে হুড়মুড়িয়ে ভেঙে পড়ে একটি দোতলা বাড়ি। ওই বাড়ি লাগোয়ে একাধিক দোকান ছিল। সেগুলিও জলে ডুবে গেছে বলে জানা গেছে। বাড়ির মালিকের নাম রতন মণ্ডল। তিনি জানান, একটানা বৃষ্টিতে ঘাটালের বেশিরভাগ এলাকাই কার্যত জলের তলায়। গতকাল থেকেই ঝুমি নদীর জল বাড়ছিল। নদীর পাড় ছাপিয়ে জলের স্রোত প্রবল বেগে লোকালয়ে ঢুকে পড়ছিল। জলের তোড়েই বাড়িটি ভেঙে পড়ে। তবে প্রাণহানির কোনও ঘটনা ঘটেনি বলেই জানা গেছে। অন্যদিকে আরও মর্মান্তিক দুর্ঘটনা ঘটে গেছে ঘাটালের ৬ নম্বর ওয়ার্ডে। গম্ভীরনগর এলাকা গতকাল থেকেই জলমগ্ন ছিল। তার ওপর নদীর জল ঢুকে গোটা এলাকাতেই বন্যার পরিস্থিতি তৈরি হয়েছে। এদিন বাড়ির সামনে জমা জলে নেমে তলিয়ে যায় বছর ছয়েকের একটি শিশু। স্থানীয়রা বলছেন, বাড়িঘরের বেশিটাই জলে ডুবে গেছে। বাচ্চাটা অসাবধানতা বশতঃ বাড়ির বাইরে আসতে গিয়ে জলে তলিয়ে যায়। দ্রুত তাকে চিকিৎসকের কাছে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করা হয়। গত তিন মাসে পশ্চিম মেদিনীপুরের ঘাটালে এই নিয়ে তিন বার বন্যা পরিস্থিতি তৈরি হল। এদিন ভোরে চন্দ্রকোনাতে শিলাবতী নদীর বাঁধ ভেঙে প্লাবিত ১২টিরও বেশি গ্রাম। বৃহস্পতিবার পর্যন্ত পশ্চিম মেদিনীপুরে ১৭১ মিলিমিটার বৃষ্টি হয়েছে। অতি বৃষ্টির পাশাপাশি শিলাবতী, ঝুমি নদীর জলস্তর বেড়ে প্লাবন পরিস্থিতি তৈরি হয়েছে ঘাটাল মহকুমার বিস্তীর্ণ অংশে। হুড়হুড় করে জল ঢুকছে গ্রামগুলিতে। চন্দ্রকোনা রাজ্য সড়কের ওপরেও জল উঠতে শুরু করেছে। এদিকে জল ঢুকে পড়েছে ঘাটাল থানাতেও। এই অবস্থায় দরকারি কাগজপত্র নিয়ে থানা ছেড়েছেন পুলিশ কর্মীরা। ময়রাকাটা এলাকার একটি ভাড়া বাড়িতে আপাতত থানার কাজকর্ম চলছে। ঘাটালে বৃষ্টি ও নদীবাঁধ ভেঙে বন্যা নতুন কিছু নয়। এ বছর আগস্টেই বন্যা পরিস্থিতি তৈরি হয়েছিল ঘাটালের বিস্তীর্ণ অংশে। তারপরে আরও একবার শিলাবতীর জল উপচে প্লাবিত হয়ে পড়ে ঘাটাল সংলগ্ন এলাকা। শিলাবতী এবং ঝুমি নদীতে জলস্তর ক্রমশ বাড়ছে বলে সতর্কতা জারি হয়েছে। চন্দ্রকোনা ১ ও ২ নম্বর ব্লকের একাধিক গ্রাম প্লাবিত হয়েছে। পাশাপাশি, দাসপুরের ১ নম্বর ব্লকের বহু গ্রামও জলমগ্ন।

শ্যাম ইনফোসিস লিমিটেড

CIN : L24235MH1996PLC057150
রেজি. অফিস ঃ ৩য় ফ্লোর, প্লট নং. ৩৯৫/৩৯৭, রুইয়া বিল্ডিং, কলবাদেবী রোড, দাভোল কারওয়াড়ি, কলাদেবী মুম্বই, মুম্বই সিটি-এমএইচ৪০০০০২ ফোন. ০৩৩ ২২৪২০৭৫১, ওয়েবসাইটঃ www.shyamainfosys.co.in
ই-মেল ঃ shyamainfosys57@gmail.com,

ধারা ৪৪ সেবি (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস), ২০১৫ কোম্পানির বার্ষিক সাধারণ সভার সাথে সম্পর্কিত ঃ

ক্রম নং.	বর্ননা	বিশদ বিবরণ
১	বার্ষিক সাধারণ সভার তারিখ	৩০.০৯.২০২১
২	মোট শেয়ার হোল্ডার সংখ্যা রেকর্ড তারিখে ২৪ সেপ্টেম্বর, ২০২১	২০৭৪
৩	সভায় উপস্থিত শেয়ার হোল্ডার সংখ্যা সশরীরের বা প্রক্সি মাধ্যমে	০
	-প্রোমোটার এবং প্রোমোটার গ্রুপ	০
	-পাবলিক	০
৪	ভিডিও কনফারেন্সিং মাধ্যমে সভায় যোগদানকারী শেয়ার হোল্ডার সংখ্যা	২২
	-প্রোমোটার এবং প্রোমোটার গ্রুপ	০
	-পাবলিক	২২

এজিএম নোটিসের প্রতিটি আইটেমের বিস্তারিত ফলাফল

১ ১. গ্রহণ, বিবেচনা এবং গৃহীত নিরীক্ষিত আর্থিক বিবরণী কোম্পানির আর্থিক বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২১ এবং বোর্ড অফ ডিরেক্টর এবং অডিটরদের রিপোর্ট ঃ

প্রয়োজনীয় রেজোলিউশান ঃ সাধারণ রেজোলিউশান				ভোটের পদ্ধতি ঃ ই-ভোটিং ও পোল			
প্রোমোটার / পাবলিক	গৃহীত শেয়ার সংখ্যা	প্রদত্ত ভোটের সংখ্যা	অবশিষ্ট শেয়ারে প্রদত্ত ভোটের শতাংশ	স্বপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা	বিপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা	প্রদত্ত ভোটের মধ্যে স্বপক্ষে ভোট শতাংশ	প্রদত্ত ভোটের মধ্যে বিপক্ষে ভোট শতাংশ
প্রোমোটার এবং প্রোমোটার গ্রুপ	০	০	০	০	০	০	০
পাবলিক-প্রাতিষ্ঠানিক হোল্ডার	০	০	০	০	০	০	০
পাবলিক-অন্যান্য	২০২৫৯৫০	২০২৫৯৫০	১০০.০০	২০২৫৮৫২	৯৮	৯৯.৯৯	০.০০৪৮
মোট							

২.২. শ্রী অমিত পল(DIN : 07862254) এর জায়গায় ডিরেক্টর নিয়োগ যিনি অবসর নিয়েছেন পর্যায়ক্রমে এবং যোগ্য ব্যক্তি, যিনি স্বেচ্ছায় পুণরায় যোগদানে ইচ্ছুক ঃ

প্রয়োজনীয় রেজোলিউশান ঃ সাধারণ রেজোলিউশান				ভোটের পদ্ধতি ঃ ই-ভোটিং ও পোল			
প্রোমোটার / পাবলিক	গৃহীত শেয়ার সংখ্যা	প্রদত্ত ভোটের সংখ্যা	অবশিষ্ট শেয়ারে প্রদত্ত ভোটের শতাংশ	স্বপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা	বিপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা	প্রদত্ত ভোটের মধ্যে স্বপক্ষে ভোট শতাংশ	প্রদত্ত ভোটের মধ্যে বিপক্ষে ভোট শতাংশ
প্রোমোটার এবং প্রোমোটার গ্রুপ	০	০	০	০	০	০	০
পাবলিক-প্রাতিষ্ঠানিক হোল্ডার	০	০	০	০	০	০	০
পাবলিক-অন্যান্য	২০২৫৯৫০	২০২৫৯৫০	১০০.০০	২০০৮২৫২	১৭৬৯৮	৯৯.১৩	০.৮৭
মোট							

শ্যাম ইনফোসিস লিমিটেড-এর পক্ষে
স্বা /- সমীর বিশ্বাস
ম্যানেজিং ডিরেক্টর
DIN : 07834469

স্থান ঃ মুম্বই
তারিখ ঃ ০১.১০.২০২১

জয়শ্রী নির্মান লিমিটেড

রেজি. অফিস ঃ ১ ব্রিটিশ ইন্ডিয়া স্ট্রিট, ৫ম ফ্লোর, রুম নং. ৫০৩, কলকাতা-৭০০০৬৯
ফোন ঃ ২২৪৮-৮১৪৯/৩০২২৮১৫০, ই-মেল ঃ jayshreenirmanlimited@gmail.com
CIN : L45202WB1992PLC054157

২৯ তম এজিএমের রিমোট-ই-ভোটিং ফলাফল

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় অনুসারী বন্দোবস্ত ধারা ১০৮ এবং ১০৯ কোম্পানি আইন, ২০১৩ এবং ধারা ২১(২) কোম্পানি (প্রশাসনিক এবং পরিচালন) ধারা, ২০১৪ এবং অন্যান্য প্রযোজ্য ধারা (যদি থাকে), কোম্পানি সংগঠিত করেছে রিমোট-ই-ভোটিং উল্লেখিত আলোচ্যসূচী পাস করানোর জন্য। বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে বৃহস্পতিবার, ৩০ সেপ্টেম্বর, ২০২১ ১ ব্রিটিশ ইন্ডিয়া স্ট্রিট, ৫ম ফ্লোর, রুম নং. ৫০৩, কলকাতা-৭০০০৬৯ ঠিকানায় সকাল ১১.৩০ ঘটিকায় ভিডিও কনফারেন্সিং/অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যমে (ভিসি/ওএভিএম)। পরীক্ষকদের ফলাফলের রিপোর্টের ওপর ভিত্তি করে তারিখ ৩০ সেপ্টেম্বর, ২০২১ প্রস্তুত হওয়া ই-ভোটিং ফলাফল নিম্নোক্ত ঃ

আলোচ্যসূচীর বিবরণ	প্রদত্ত ভোটের সংখ্যা	শেয়ারের সংখ্যা এবং পক্ষে প্রদত্ত ভোটের %		শেয়ারের সংখ্যা এবং বিপক্ষে প্রদত্ত ভোটের %	
		শেয়ার সংখ্যা	ভোট %	শেয়ার সংখ্যা	ভোট %
বার্ষিক আর্থিক বিবরণী এবং ফলাফল গ্রহণ আর্থিক বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২১	৫০৬১২০০	৩৫৬৭৬৯৫	৭০.৪৯ %	-	-
পুনরায় নিয়োগ শ্রীমতি কাকলি দত্ত (DIN : 0008536359), যিনি অবসর গ্রহণ করেছেন এবং যোগ্য হিসাবে যাঁকে পুনরায় নিযুক্ত হওয়ার আবেদন জানানো হয়েছে	৫০৬১২০০	৩৫৬৭৬৯৫	৭০.৪৯ %	-	-
নিশ্চিতকরণ অডিটর হিসাবে নিয়োগ (মেসার্স মুকেশ চৌধুরি অ্যান্ড অ্যাসোসিয়েটস)	৫০৬১২০০	৩৫৬৭৬৯৫	৭০.৪৯ %	-	-

উপরোক্ত বিষয়সূচী সংখ্যাগরিষ্টতায় পাস ঘোষিত হয়েছে।

বোর্ডের আদেশানুসারে
জয়শ্রী নির্মান লিমিটেড-এর পক্ষে
স্বা/- সৌরভ ব্যানার্জি
সদস্যপদ নাম্বার ঃ ৩৭১৪৩

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ১ অক্টোবর,২০২১